



ধর্মের মূল্যবোধ রাজনীতি ও সমাজ ব্যবস্থাপনায় আবশ্যিক: ধর্ম উপদেষ্টা



সংগৃহীত ছবি

কুমিল্লায় অনুষ্ঠিত ইমাম-খতিব সম্মেলনে ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন দেশের রাজনৈতিক ও সামাজিক কাঠামোতে ধর্মীয় মূল্যবোধকে সক্রিয়ভাবে সংযুক্ত করার গুরুত্বের ওপর জোর দেন। তিনি বলেন, “সমাজ, রাজনীতি ও বিশ্লেষণে যদি ধর্মীয় নীতিকে অন্তর্ভুক্ত না করা হয়, তবে যে কোনো সময় অনিয়ম ও বিশৃঙ্খলা ছড়িয়ে পড়ার আশঙ্কা থাকে।”

শানে সাহাবা জাতীয় খতিব ফাউন্ডেশন, কুমিল্লা জেলা ও মহানগরের আয়োজনে রোববার (২৩ নভেম্বর) টাউন হল মাঠে অনুষ্ঠিত এই সম্মেলনে প্রধান অতিথি হিসেবে তিনি অংশগ্রহণ করেন। বক্তৃতায় তিনি ইমাম, খতিব, মুয়াজ্জিন ও খাদেমদের জাতীয় পে-স্কেল অনুযায়ী বেতন ভাতা এবং উৎসব ভাতা প্রদানের প্রয়োজনীয়তার কথাও তুলে ধরেন। সম্মেলনে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের চেয়ারম্যান শায়খ মুফতি শামীম মজুমদার, মহাসচিব মুফতি শরীফ উল্লাহ তারেকী, ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক আশেকুর রহমান সহ জেলার বিভিন্ন মসজিদের ইমাম ও খতিবগণ।